

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০১.০০০০.০০৪.১৩.০০১.২০-২০

তারিখ: ০৭/০৯/২০২৫ইং

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত বদলী/পদায়ন আদেশে যোগদান না করা কর্মকর্তা/কর্মচারীদের তথ্য প্রেরণ এবং পুনঃ বিবেচনার আবেদন বাতিল প্রসঙ্গে।

সূত্র: স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক-৪৫.০১.০০০০.০০৪.১৩.০২৩.২৪.৭৭১ তারিখঃ ২৩ ডিসেম্বর'২০২৪ইং

উপর্যুক্ত সূত্রমূলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বদলি/পদায়িত কর্মকর্তা/ কর্মচারীগণকে তাদের পদায়িত কর্মস্থলে অতিসত্তর নির্ধারিত সময়ের মধ্যে যোগদানের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল।

এমতাবস্থায়, অদ্যাবধি স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত আদেশে যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ যোগদান করেননি, প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্তে তাদের তথ্য, নমুনা ছক (সংযুক্ত) মোতাবেক সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে এবং এখন থেকে যোগদানের জন্য নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অতিসত্তর ছক মোতাবেক নন-জয়েনিং কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ইমেইল (hrm@ld.dghs.gov.bd/centralhris@gmail.com) মারফত প্রেরণের জন্য জরুরীভাবে নির্দেশনা দেয়া যাচ্ছে।

এতদসঙ্গে আরো জানানো যাচ্ছে যে, যোগদান ব্যতীত যে সকল কর্মকর্তা/কর্মচারীর আবেদন পুনঃবিবেচনার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে সরাসরি জমা হয়েছে, সে সকল আবেদন (যে গুলোর বিষয়ে ব্যবস্থা গ্রহন সম্ভব হয়নি) অগ্রহণযোগ্য বলে বিবেচিত হয়েছে, বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তার আদেশে উল্লেখিত সরাসরি অব্যহতির তারিখে প্রতিষ্ঠান থেকে মুভ আউট করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

ডাঃ এ. বি. এম. আর হানিফ
পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,
ঢাকা-১২১২


স্মারক নম্বর: ৪৫.০১.০০০০.০০৪.১৩.০০১.২০-২০/২(২২০)

তারিখ: ০৭/০৯/২০২৫ইং

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (প্রশাসন)।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়),।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

- ৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (সকল) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।।
- ৬। অধ্যক্ষ (সকল) মেডিকেল কলেজ সমূহ।
- ৭। পরিচালক (সকল) মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল ও ইন্সটিটিউট সমূহ।
- ৮। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল।
- ৯। অধ্যক্ষ, আইএইচটি/ম্যাটস সমূহ (সকল)।
- ১০। তত্ত্বাবধায়ক (সকল) জেলা/ সদর হাসপাতাল সমূহ।
- ১১। সিভিল সার্জন (সকল)।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (বিজ্ঞপ্তি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।


ডাঃ এ. বি. এন. আর হোসেন
পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,
ঢাকা।

নন- জয়েনিং প্রতিবেদন এর নমুনা ছক

প্রতিষ্ঠানের নামঃ

প্রতিবেদনের তারিখঃ

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও কোড/ পরিচিতি নম্বর	স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত বদলী/ পদায়ন আদেশের স্মারক নম্বর ও তারিখ	আদেশের তারিখ হতে অদ্যবধি কতদিন যোগদান করেন নি।	মন্তব্য

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

নামঃ

পদবিঃ

মোবাইল নম্বর-